দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 04 FEB 2016 ...
পৃষ্ঠা ... ২৯ ... কলাম ... ৬ ...

# ঢাবিতে লাশ ফেলার চক্রান্ত চলছে ॥ আরেফিন সিদ্দিক

স্টাফ রিপোর্টার, পঞ্চগড় ॥ দেশের শ্রেষ্ঠ বিদ্যাপিঠ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ক্যাম্পাসে লাশ ফেলে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টির চক্রান্ত চলছে। একটি রাজনৈতিক দলের কিছু সাবেক ছাত্রনেতা ঢাবিতে লাশ ফেলতে সব সময় তৎপর রয়েছে। তারা ঢাবিসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে দু'চারটি লাশ ফেলে দেশে অরাজক পরিস্থিতি সৃষ্টি করে বর্তমান সরকারের পতন ঘটাতে চায়। তাদের এই চক্রান্ত কোনদিনই সফল হবে না। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক এই চক্রান্ত ঐক্যবদ্ধভাবে প্রতিহত করবে। ঢাবি উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিক বুধবার সকালে পঞ্চগড় সার্কিট হাউসে স্থানীয় সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

মতবিনিময় সভায় পুলিশ সুপার মোঃ গিয়াস উদ্দিন আহমদ, নেজারত ডেপুটি কালেক্টর (এনডিসি) বিকাশ বিশ্বাস, নির্বাহী ম্যাজিস্ট্রেট শাহীন রেজা, পঞ্চগড় প্রেসক্লাবের সভাপতি এ রহমান মুকুল, সাংবাদিক শহীদুল ইসলাম শহীদসহ জেলার প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।